



Embassy of the People's Republic
of Bangladesh
Athens

প্রেস বিজ্ঞপ্তি

এথেন্স, ১৭ই এপ্রিল ২০১৬

৪ বৈশাখ ১৪২৩

ব্যাপক উৎসাহ উদ্দীপনায় গ্রীসে বাংলা বর্ষবরণ

প্রবাসী বাংলাদেশিদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে এথেন্সে বাংলাদেশ দূতাবাস প্রাঙ্গণে ১৪২৩ বাংলা নববর্ষের অনুষ্ঠানসমূহ ব্যাপক আনন্দ ও উদ্দীপনার সাথে উদযাপিত হয়েছে। ১৭ই এপ্রিল ২০১৬ রবিবার সাপ্তাহিক ছুটির দিনে দূতাবাস প্রাঙ্গণে বাংলা বর্ষবরণের লক্ষ্যে দিনব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠান ও বাংলাদেশি খাবার উৎসবের আয়োজন করা হয়। এথেন্স এবং নিকটবর্তী শহরসমূহ থেকে আগত শত শত বাংলাদেশিগণ অনুষ্ঠানসমূহে অংশগ্রহণ করেন। গ্রীসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোঃ জসীম উদ্দিন সকাল ১০ টায় দূতাবাস প্রাঙ্গণে বর্ষবরণ মেলায় উদ্বোধন করেন। সকাল থেকেই দূতাবাস প্রাঙ্গণে প্রবাসী বাংলাদেশিগণ ভিড় জমান। বাংলাদেশি পরিবার, নারী-পুরুষ, ছাত্র-ছাত্রী, বাংলাদেশি কর্মীগণ এবং দূতাবাসের সদস্যগণ মেলাতে অংশগ্রহণ করেন। এসময় বাংলাদেশি নারী-পুরুষ ও শিশুরা লোকজ ও বৈশাখী পোষাকে সজ্জিত ছিলেন। সাংস্কৃতিক অনুষ্ঠানে দূতাবাসের সদস্যবৃন্দ, স্থানীয় দোয়েল সাংস্কৃতিক সংগঠনের শিল্পীবৃন্দ এবং শিশু-কিশোররা বৈশাখী ও লোকজ সংগীত, কবিতা, নৃত্য ইত্যাদি পরিবেশন করেন। শত শত নারী-পুরুষের আগমনে কলকাকলিতে মুখরিত হয় দূতাবাস এবং সৃষ্টি হয় এক বর্ণিল মনোরম পরিবেশের। মেলায় আগমনকারীরা বিভিন্ন স্টলে বাংলাদেশি পণ্য দর্শণ এবং বাংলাদেশি খাবারও আস্বাদন করেন। প্রবাসী বাংলাদেশিরা বাংলা বর্ষবরণ উপলক্ষে দূতাবাসে তৈরি বৈশাখী স্বাক্ষরলিপিতে তাঁদের স্বাক্ষরসহ অনুভূতি ব্যক্ত করেন। এছাড়া, দূতাবাসে একটি র্যাফেল ড্র অনুষ্ঠিত হয়। মান্যবর রাষ্ট্রদূত ও তাঁর পত্নী বিজয়ীদের মাঝে আকর্ষণীয় পুরস্কার বিতরণ করেন। বাংলা বর্ষবরণ অনুষ্ঠানসমূহ প্রবাসী বাংলাদেশিদের জন্য বয়ে আনে আনন্দ, বন্ধন, সৌহার্দ্য আর সম্প্রীতি।

Tarikul Islam
29.08.2016

Md. Tarikul Islam
Minister
Embassy of Bangladesh
Athens, Greece

Marathonodromon Street 119, Palaio Psychiko, Athens 15 452, Greece

Tel: +30 210 6720 250 - 7 (PABX) Fax: +30 210 6754 513

mission.athens@mofa.gov.bd